

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
www.techedu.gov.bd



Reg.:

৪৮/৪ ১/১১

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১৬.২৪.০১৩.২২ (পার্ট-২)- ৪০৮

তারিখঃ ০২/০৮/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ কারিগরি শিক্ষাক্ষেত্রে বিএসসি/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পর্যায়ে ২০২৩ সালে চীনের কারিগরি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্কলারশিপ এর আওতায় অধ্যয়নের জন্য সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট ও সরকারী টিএসসি এর শিক্ষার্থীদের প্রাথমিক আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউট ও টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ হতে ২০১৭ হতে ২০১৯ সাল পর্যন্ত শিক্ষার্থী চীনের বিভিন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্য China TVET Scholarship প্রোগ্রামের আওতায় চীন গমন করে এবং বিভিন্ন কোর্সে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সম্পন্ন করে। কোভিড-১৯ এর কারণে ২০২০, ২০২১ এবং ২০২২ সালে এ কার্যক্রম বন্ধ ছিল। ২০২৩ সাল হতে পুনরায় China TVET Scholarship প্রোগ্রামের আওতায় চীনে শিক্ষার্থী প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২০২৩ সালে কারিগরি শিক্ষাক্ষেত্রে বিএসসি/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পর্যায়ে চীনের বিভিন্ন প্রতিষ্ঠানে স্কলারশিপ এর মাধ্যমে শিক্ষার্থীদের অধ্যয়নের সুযোগ দেয়া হবে মর্মে চীন দূতাবাস হতে জানানো হয়েছে।

২। স্কলারশিপের জন্য আবেদনের যোগ্যতা:

- এইচএসসি (ভোকেশনাল) পাশ অথবা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এ অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যারা এইচএসসি (বিজ্ঞান)/সমমান পাশকৃত;
- স্কলারশিপ প্রদানকারী সংশ্লিষ্ট চীনা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত বয়স (প্রতিষ্ঠানের তালিকা সংযুক্ত);
- জাতীয় পরিচয়পত্র অথবা জন্মসনদ থাকতে হবে।

৩। কারিগরি শিক্ষার প্রচার-প্রসারে ও দক্ষতা উন্নয়নে বাংলাদেশী শিক্ষার্থীদের ২০২৩ সালে চীনে স্কলারশিপ প্রাপ্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে পূর্ববর্তী বছরের ন্যায় শিক্ষার্থী বাছাই করা প্রয়োজন। শিক্ষার্থী বাছাই কার্যক্রমে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবে:


- শিক্ষার্থী বাছাইয়ের ক্ষেত্রে নির্ধারিত যোগ্যতা (অনুচ্ছেদ-২) প্রযোজ্য;
- শিক্ষার্থীদেরকে ০৭ আগস্ট, ২০২৩ তারিখের মধ্যে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে <https://onlinetvet.com/> লিংক ব্যবহার করে আবেদন করতে হবে;
- স্কলারশিপ সংক্রান্ত যেকোনো প্রয়োজনে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যাবে:

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবী	মোবাইল নম্বর
১	জনাব বুলবুল আহমেদ প্রজেক্ট অফিসার (পরিকল্পনা ও উন্নয়ন)	০১৮১৭৯৮৭০০২
২	জনাব মোঃ এনামুল হক রাকিব ইকুইপমেন্ট অফিসার (পরিকল্পনা ও উন্নয়ন)	০১৭০৮১১২২৩৩

৪। এমতাবস্থায়, বিগত বছরের ন্যায় ২০২৩ সালের চীনা স্কলারশিপ কার্যক্রমের আওতায় শিক্ষার্থী বাছাইসহ এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট এবং সংশ্লিষ্ট সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কাম্য।

৫। বিষয়টি অতীত জরুরী।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক


(মোঃ মহসিন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

বিতরণ:

- ১ অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট (সকল)
- ২ অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (পুরাতন ৬৪টি)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):